রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, জুলাই ১৬, ২০২৬**

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ/ ৩০ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং ২৬৯-আইন/২০২৬।**—নিরাপদ খাদ্য আইন, ২০১৩ (২০১৩ সনের ৪৩ নং আইন) এর ধারা ৮৭, ধারা ৩১, ৩২ ও ৪৪ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, সরকারের পূর্বানুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই প্রবিধানমালা নিরাপদ খাদ্য (রেজিস্ট্রেশন ও লাইসেন্স) প্রবিধানমালা, ২০২৬ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **প্রযোজ্যতা।**—এই প্রবিধানমালার বিধানাবলি খাদ্য ব্যবসা পরিচালনার সহিত সম্পর্কিত বিষয়ে আপাতত বলবৎ অন্য সকল বিধানাবলির অতিরিক্ত হইবে।

## প্রথম অধ্যায়

## প্রারম্ভিক

৩। **সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে এই প্রবিধানমালায়,—

(ক) "আইন" অর্থ নিরাপদ খাদ্য আইন, ২০১৩ (২০১৩ সনের ৪৩ নং আইন);

(খ) "কর্তৃপক্ষ" অর্থ আইনের ধারা ৫ এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ;


মূল্য : টাকা ৫৬.০০

(গ) "খাদ্য ব্যবসা" অর্থ আইনের ধারা ২(৮) এ সংজ্ঞায়িত খাদ্য ব্যবসা;

(ঘ) "খাদ্য ব্যবসায়ী" অর্থ আইনের ধারা ২(৯) এ সংজ্ঞায়িত খাদ্য ব্যবসায়ী;

(ঙ) "খাদ্য-স্থাপনা" অর্থ আইনের ধারা ২(১১) তে সংজ্ঞায়িত খাদ্য-স্থাপনা;

(চ) "তফসিল" অর্থ এই প্রবিধানমালার তফসিল;

(ছ) "পরিদর্শক" অর্থ আইনের ধারা ২(২০) এ সংজ্ঞায়িত পরিদর্শক;

(জ) "পরিদর্শন" অর্থ নিরাপদ খাদ্য পরিদর্শক বা নিরাপদ খাদ্য পরিদর্শকের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক আইনের ধারা ৫২ অনুযায়ী পরিদর্শন;

(ঝ) "বিধি" অর্থ আইনের অধীন প্রণীত কোনো বিধিমালা;

(ঞ) "রেজিস্ট্রেশন" অর্থ এই প্রবিধানমালা অনুযায়ী প্রদত্ত কোনো রেজিস্ট্রেশন বা নিবন্ধন;

(ট) "লাইসেন্স" অর্থ এই প্রবিধানমালা অনুযায়ী প্রদত্ত কোনো লাইসেন্স বা অনুমোদন; এবং

(ঠ) "লাইসেন্স প্রদানকারী" অর্থ কর্তৃপক্ষ অথবা কর্তৃপক্ষ কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা বা কর্মকর্তাগণের প্যানেল যিনি বা যাহারা এই প্রবিধানমালা অনুযায়ী খাদ্য ব্যবসা পরিচালনার জন্য প্রযোজ্য রেজিস্ট্রেশন, লাইসেন্স, নিবন্ধন বা অনুমোদন প্রদান করিয়া থাকেন এবং এতৎসংক্রান্ত বিষয়াদি নিষ্পত্তি করিয়া থাকেন।

(২) এই প্রবিধানমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি, আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে, সেই অর্থে প্রযোজ্য হইবে।

## দ্বিতীয় অধ্যায়

## রেজিস্ট্রেশন

৪। **খাদ্য ব্যবসা রেজিস্ট্রেশন।**—(১) খাদ্যপণ্য বা খাদ্যোপকরণ উৎপাদন, আমদানি, প্রক্রিয়াকরণ, মজুত, সরবরাহ বা বিক্রয় সংশ্লিষ্ট পক্ষগণের নাম ও ঠিকানা সংরক্ষণের লক্ষ্যে খাদ্য ব্যবসার সহিত জড়িত বা জড়িত হইতে আগ্রহী সকল ব্যক্তি বা প্রতিষ্ঠানকে তফসিল ১ এ উল্লিখিত ব্যবসার জন্য কর্তৃপক্ষের নিকট হইতে রেজিস্ট্রেশন গ্রহণ করিতে হইবে।

(২) রেজিস্ট্রেশন গ্রহণ, নবায়ন, পুনর্বহাল, পরিবর্তন, হস্তান্তর বা সংশোধনের জন্য প্রযোজ্যতা অনুযায়ী, তফসিল ৫ এ উল্লিখিত ফরমে এবং তফসিল ১০ এ উল্লিখিত ফি পরিশোধপূর্বক কর্তৃপক্ষের নিকট অনলাইনে আবেদন করিতে হইবে।

(৩) কেবল খাদ্য ব্যবসা রেজিস্ট্রেশনের জন্য আবেদন ফরম যথাযথভাবে পূরণ করিয়া জমা প্রদান করিলে লাইসেন্স প্রদানকারী ৭ (সাত) কার্যদিবসের মধ্যে একটি নম্বরযুক্ত সাময়িক রেজিস্ট্রেশন সনদ ইস্যু করিবে:

তবে শর্ত থাকে যে, আবেদন অসম্পূর্ণভাবে দাখিল করা হইলে লাইসেন্স প্রদানকারী কারণ উল্লেখ করিয়া উহা নামঞ্জুর করিতে পারিবে বা আবেদন সংশোধনের নির্দেশনা প্রদান করিতে পারিবে।

(৪) লাইসেন্স প্রদানকারী উপযুক্ত মনে করিলে সাময়িক রেজিস্ট্রেশন যাচাই-বাছাই করিয়া ও সরেজমিন পরিদর্শন করিয়া বা করাইয়া সন্তুষ্ট হইলে সাময়িক রেজিস্ট্রেশন সনদ প্রদান করিবে অথবা যথাযথ না হইলে সাময়িক রেজিস্ট্রেশন বাতিল বা সংশোধন করিতে পারিবে।

(৫) রেজিস্ট্রেশন গ্রহণ, নবায়ন, পুনর্বহাল, পরিবর্তন, হস্তান্তর বা সংশোধন সংক্রান্ত আবেদন কর্তৃপক্ষের নিকট যথাযথ প্রতীয়মান না হইলে লাইসেন্স প্রদানকারী কারণ উল্লেখপূর্বক আবেদনটি নামঞ্জুর করিয়া আবেদনকারীকে অবহিত করিবে।

(৬) খাদ্য ব্যবসা রেজিস্ট্রেশন এবং ইহার নবায়নের মেয়াদ হইবে ৩ (তিন) বৎসর।

(৭) লাইসেন্স প্রদানকারীর লিখিত অনুমতি ব্যতীত রেজিস্ট্রেশন সনদ হস্তান্তর করা যাইবে না।

(৮) রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হইবার অন্যূন ৯০ (নব্বই) দিন পূর্বে রেজিস্ট্রেশন নবায়নের জন্য লাইসেন্স প্রদানকারীর নিকট আবেদন করিতে হইবে।

(৯) রেজিস্ট্রেশন সনদ গ্রহণের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মধ্যে খাদ্য ব্যবসা আরম্ভ করা না হইলে, অথবা খাদ্য ব্যবসা আরম্ভ করিবার পর উক্ত ব্যবসা বন্ধ হইয়া গেলে এবং বন্ধ হওয়ার পর ৩ (তিন) বৎসরের মধ্যে উক্ত ব্যবসা পুনরায় চালু করা না হইলে, অথবা রেজিস্ট্রেশন গ্রহণকারী প্রাপ্ত রেজিস্ট্রেশন বাতিলের জন্য আবেদন করিলে, লাইসেন্স প্রদানকারী উক্ত রেজিস্ট্রেশন বাতিল করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, কর্তৃপক্ষ উপযুক্ত মনে করিলে উক্ত সময় বৃদ্ধি করিতে পারিবে।

(১০) রেজিস্ট্রেশন গ্রহণকারী রেজিস্ট্রেশন সনদের মেয়াদ শেষ হইবার পর তফসিল ১০ এ উল্লিখিত বিলম্ব ফি'সহ উহা নবায়নের জন্য লাইসেন্স প্রদানকারীর নিকট ফরম ৫.২ অনুযায়ী আবেদন করিতে পারিবে এবং এইক্ষেত্রে রেজিস্ট্রেশনের মেয়াদ সমাপ্তির তারিখ হইতে নবায়ন ফি ধার্য করা হইবে।

(১১) রেজিস্ট্রেশন যথাসময়ে নবায়ন করা না হইলে লাইসেন্স প্রদানকারী উক্ত রেজিস্ট্রেশন বাতিল করিতে পারিবে।

(১২) রেজিস্ট্রেশন গ্রহণের পর খাদ্য ব্যবসা লাইসেন্স গ্রহণ করা হইলে লাইসেন্স গ্রহণ বা নবায়নের সাথে সাথে রেজিস্ট্রেশনের মেয়াদও লাইসেন্সের মেয়াদকাল পর্যন্ত বৃদ্ধি পাইয়াছে বলিয়া গণ্য হইবে এবং এইরূপ লাইসেন্স গ্রহণ বা নবায়ন করা হইলে রেজিস্ট্রেশন নবায়নের জন্য পৃথকভাবে কোনো আবেদন বা ফি পরিশোধ করিতে হইবে না।

(১৩) লাইসেন্স প্রদানকারী, বিশেষ প্রয়োজনে ও বিশেষ ক্ষেত্রে, স্বপ্রণোদিত হইয়া বিদ্যমান কোনো খাদ্য ব্যবসা রেজিস্ট্রেশন সম্পাদন, নবায়ন বা সংশোধন করিতে পারিবে।

(১৪) কর্তৃপক্ষ, অন্য কোনো আইন, বিধিমালা বা প্রবিধানমালার আওতায় রেজিস্ট্রেশন, লাইসেন্স, তালিকাভুক্তি বা অনুমতিপ্রাপ্ত খাদ্য ব্যবসাসমূহ পরিচালনা এই প্রবিধানমালার আওতায় রেজিস্ট্রেশনকৃত মর্মে ঘোষণা করিতে অথবা রেজিস্ট্রেশনের বাধ্যবাধকতা হইতে অব্যাহতি প্রদান করিতে পারিবে।

## তৃতীয় অধ্যায়

## লাইসেন্স

৫। **খাদ্য ব্যবসা লাইসেন্স।**—(১) এই প্রবিধানমালার বিধান অনুযায়ী খাদ্য ব্যবসা লাইসেন্স গ্রহণ ব্যতিরেকে কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান তফসিল ২ এ উল্লিখিত খাদ্য ব্যবসা পরিচালনা করিতে পারিবেন না:

তবে শর্ত থাকে যে, উক্ত লাইসেন্স গ্রহণের পূর্বে প্রবিধান ৪ এ উল্লিখিত খাদ্য ব্যবসা রেজিস্ট্রেশন গ্রহণ করিতে হইবে।

(২) লাইসেন্স গ্রহণ, নবায়ন, পুনর্বহাল, পরিবর্তন, হস্তান্তর বা সংশোধনের জন্য প্রযোজ্যতা অনুযায়ী, তফসিল ৬ এ উল্লিখিত পদ্ধতি ও শর্ত পরিপালনপূর্বক তফসিল ১০ এ উল্লিখিত ফি পরিশোধপূর্বক লাইসেন্স প্রদানকারীর নিকট অনলাইনে আবেদন করিতে হইবে।

(৩) লাইসেন্স প্রদানকারী আবেদন যাচাই-বাছাই করিয়া সন্তুষ্ট হইলে নম্বরযুক্ত একটি নবায়নযোগ্য লাইসেন্স প্রদান করিবে:

তবে শর্ত থাকে যে, যে সকল খাদ্য ব্যবসা লাইসেন্সের জন্য খাদ্য-স্থাপনা (প্রিমিসেস) লাইসেন্স গ্রহণ করা প্রয়োজন সেইক্ষেত্রে একইসাথে খাদ্য ব্যবসা লাইসেন্স ও প্রিমিসেস লাইসেন্সের জন্য আবেদন করা যাইবে।

(৪) খাদ্য ব্যবসা লাইসেন্স সংক্রান্ত আবেদন যথাযথ প্রতীয়মান না হইলে কর্তৃপক্ষ লাইসেন্সের আবেদন নামঞ্জুর করিয়া আবেদনকারীকে কারণ উল্লেখপূর্বক অবহিত করিবে।

(৫) খাদ্য ব্যবসা লাইসেন্সের এবং ইহার নবায়নের মেয়াদ হইবে লাইসেন্সের সনদ বা নবায়ন গ্রহণের তারিখ হইতে ৩ (তিন) বৎসর।

(৬) লাইসেন্স সনদ প্রাপ্তির তারিখ হইতে ২ (দুই) বৎসরের মধ্যে খাদ্য ব্যবসা আরম্ভ করা না হইলে উক্ত লাইসেন্স বাতিল বলিয়া গণ্য হইবে:

তবে শর্ত থাকে যে, লাইসেন্স প্রদানকারী উপযুক্ত মনে করিলে উল্লিখিত সময়সীমা বৃদ্ধি করিতে পারিবে।

(৭) লাইসেন্স প্রদানকারীর অনুমতি ব্যতীত লাইসেন্স হস্তান্তর বা পরিবর্তন করা যাইবে না।

(৮) লাইসেন্সের মেয়াদ শেষ হইবার অন্যূন ৯০ (নব্বই) দিন পূর্বে লাইসেন্স নবায়নের জন্য উপ-প্রবিধান (২) অনুযায়ী আবেদন করিতে হইবে।

(৯) লাইসেন্সের মেয়াদ শেষ হইলে তফসিল ১০ এ উল্লিখিত বিলম্ব ফি'সহ উহা নবায়নের জন্য লাইসেন্স প্রদানকারীর নিকট ফরম ৬.২ অনুযায়ী আবেদন করিতে হইবে এবং এইক্ষেত্রে লাইসেন্সের মেয়াদ সমাপ্তির তারিখ হইতে নবায়ন ফি ধার্য করা হইবে।

৬। **খাদ্য-স্থাপনা (প্রিমিসেস) লাইসেন্স।**—(১) তফসিল ৩ এ উল্লিখিত খাদ্য ব্যবসাসমূহ পরিচালনার ক্ষেত্রে যে খাদ্য-স্থাপনায় উক্ত ব্যবসা পরিচালনা, খাদ্য উৎপাদন বা প্রক্রিয়াকরণ করা হইবে অথবা আমদানিকৃত বা উৎপাদিত খাদ্য মজুদ করা হইবে তাহার জন্য খাদ্য-স্থাপনা (প্রিমিসেস) লাইসেন্স গ্রহণ করিতে হইবে।

(২) খাদ্য-স্থাপনা (প্রিমিসেস) লাইসেন্স গ্রহণ, নবায়ন, পুনর্বহাল, পরিবর্তন, হস্তান্তর বা সংশোধনের জন্য তফসিল ৭ এ উল্লিখিত ফরমে এবং তফসিল ১০ এ উল্লিখিত ফি পরিশোধপূর্বক লাইসেন্স প্রদানকারীর নিকট অনলাইনে আবেদন করিতে হইবে।

(৩) কোনো খাদ্য ব্যবসায়ীর একাধিক খাদ্য-স্থাপনা (প্রিমিসেস) থাকিলে প্রতিটি খাদ্য-স্থাপনা (প্রিমিসেস) এর জন্য পৃথকভাবে তফসিল ১০ এ উল্লিখিত হারে ফি পরিশোধপূর্বক লাইসেন্স গ্রহণ করিতে হইবে।

(৪) লাইসেন্স প্রদানকারী আবেদন যাচাই-বাছাই করিয়া এবং খাদ্য-স্থাপনা (প্রিমিসেস) পরিদর্শন বা পরিদর্শনের ব্যবস্থা গ্রহণ করিয়া সন্তুষ্ট হইলে নম্বরযুক্ত একটি নবায়নযোগ্য খাদ্য-স্থাপনা (প্রিমিসেস) লাইসেন্স প্রদান করিবে।

(৫) খাদ্য-স্থাপনা (প্রিমিসেস) লাইসেন্সের আবেদন যথাযথ প্রতীয়মান না হইলে লাইসেন্স প্রদানকারী আবেদন নামঞ্জুর করিয়া আবেদনকারীকে কারণ উল্লেখপূর্বক অবহিত করিবে।

(৬) খাদ্য-স্থাপনা (প্রিমিসেস) লাইসেন্স এবং ইহার নবায়নের মেয়াদ হইবে লাইসেন্স বা নবায়ন গ্রহণের তারিখ হইতে ৩ (তিন) বৎসর।

(৭) খাদ্য-স্থাপনা (প্রিমিসেস) লাইসেন্স প্রাপ্তির তারিখ হইতে ২ (দুই) বৎসরের মধ্যে খাদ্য ব্যবসা পরিচালনা বা খাদ্য উৎপাদন আরম্ভ করিতে ব্যর্থ হইলে উক্ত লাইসেন্স বাতিল বলিয়া গণ্য হইবে:

তবে শর্ত থাকে যে, কর্তৃপক্ষ উপযুক্ত মনে করিলে উক্ত সময়সীমা বৃদ্ধি করিতে পারিবে।

(৮) লাইসেন্স প্রদানকারীর অনুমতি ব্যতীত খাদ্য-স্থাপনা (প্রিমিসেস) লাইসেন্স হস্তান্তর অথবা পরিবর্তন করা যাইবে না।

(৯) খাদ্য-স্থাপনা (প্রিমিসেস) লাইসেন্স এর মেয়াদ শেষ হইবার অন্যূন ৯০ (নব্বই) দিন পূর্বে উহা নবায়নের জন্য উপ-প্রবিধান (২) অনুযায়ী লাইসেন্স প্রদানকারীর নিকট আবেদন করিতে হইবে।

(১০) খাদ্য-স্থাপনা (প্রিমিসেস) লাইসেন্সের মেয়াদ শেষ হইবার পর তফসিল ১০ এ উল্লিখিত বিলম্ব ফি'সহ উহা নবায়নের জন্য ফরম ৬.২ অনুযায়ী আবেদন করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, এইরূপ ক্ষেত্রে পূর্ববর্তী লাইসেন্সের মেয়াদ সমাপ্তির তারিখ হইতে নবায়ন ফি ধার্য করা হইবে।

(১১) লাইসেন্স প্রদানকারী, অন্য আইন, বিধিমালা বা প্রবিধানমালার আওতায় রেজিস্ট্রেশন, লাইসেন্স, তালিকাভুক্তি বা অনুমতিপ্রাপ্ত খাদ্য ব্যবসাসমূহ পরিচালনার জন্য খাদ্য-স্থাপনা (প্রিমিসেস) লাইসেন্সের প্রয়োজন হইলে এই প্রবিধানমালার আওতায় খাদ্য-স্থাপনা (প্রিমিসেস) লাইসেন্স ইস্যু করিতে পারিবে।

(১২) একই খাদ্য-স্থাপনা (প্রিমিসেস) লাইসেন্সের অধীন খাদ্য-স্থাপনায় একাধিক খাদ্যপণ্য উৎপাদন, আমদানি লাইসেন্স বা খাদ্যপণ্য রেজিস্ট্রেশন এর আওতাধীন খাদ্য পণ্য উৎপাদন, প্রক্রিয়াকরণ, মজুদ বা আমদানি করা যাইবে:

তবে শর্ত থাকে যে, এইক্ষেত্রে সংশ্লিষ্ট রেজিস্ট্রেশন বা লাইসেন্সে প্রয়োজনীয় অনুমোদন থাকিতে হইবে।

৭। **খাদ্যপণ্য উৎপাদন বা আমদানি লাইসেন্স।**—(১) তফসিল ৪ এ উল্লিখিত খাদ্য ব্যবসার অধীন খাদ্যপণ্য উৎপাদন, প্রক্রিয়াকরণ, মজুদ বা আমদানির জন্য প্রতিটি খাদ্যপণ্যের ক্ষেত্রে উৎপাদন বা আমদানি লাইসেন্স গ্রহণ করিতে হইবে।

(২) খাদ্যপণ্য উৎপাদন বা আমদানি লাইসেন্স গ্রহণ, নবায়ন, পুনর্বহাল, পরিবর্তন, হস্তান্তর বা সংশোধনের জন্য তফসিল ৮ এ উল্লিখিত পদ্ধতি ও শর্তসমূহ এবং তফসিল ১০ এ উল্লিখিত ফি পরিশোধপূর্বক লাইসেন্স প্রদানকারীর নিকট অনলাইনে আবেদন করিতে হইবে।

(৩) একই খাদ্যপণ্য একাধিক খাদ্য-স্থাপনা (প্রিমিসেস) এ উৎপাদিত বা একাধিক স্থান হইতে আমদানি করা হইলে প্রতিটি স্থাপনার জন্য খাদ্যপণ্যটির ক্ষেত্রে পৃথক-পৃথক খাদ্যপণ্য উৎপাদন বা আমদানি লাইসেন্স গ্রহণ করিতে হইবে।

(৪) লাইসেন্স প্রদানকারী আবেদন যাচাই-বাছাই করিয়া, প্রয়োজনে খাদ্যপণ্য পরীক্ষাপূর্বক অথবা বিশেষজ্ঞ বা প্যানেল কর্তৃক পরীক্ষা-নিরীক্ষা করিয়া সন্তুষ্ট হইলে একটি নম্বরযুক্ত নবায়নযোগ্য খাদ্যপণ্য উৎপাদন বা আমদানি লাইসেন্স প্রদান করিবে:

তবে শর্ত থাকে যে, লাইসেন্স প্রদানকারী কর্তৃক খাদ্যপণ্য পরীক্ষার প্রয়োজন হইলে তফসিল ১০ অনুযায়ী উক্ত পরীক্ষা ফি আবেদনকারী কর্তৃক পরিশোধ করিতে হইবে।

(৫) খাদ্যপণ্য উৎপাদন বা আমদানি লাইসেন্সের আবেদন যথাযথ প্রতীয়মান না হইলে লাইসেন্স প্রদানকারী লাইসেন্সের আবেদন নামঞ্জুর করিয়া আবেদনকারীকে কারণ উল্লেখপূর্বক অবহিত করিবে।

(৬) খাদ্যপণ্য উৎপাদন বা আমদানি লাইসেন্স এবং ইহা নবায়নের মেয়াদ হইবে লাইসেন্স গ্রহণ বা নবায়ন গ্রহণের তারিখ হইতে ৩ (তিন) বৎসর।

(৭) খাদ্যপণ্য উৎপাদন বা আমদানি লাইসেন্স প্রাপ্তির তারিখ হইতে ১ (এক) বৎসরের মধ্যে খাদ্য ব্যবসা, খাদ্য উৎপাদন বা আমদানি আরম্ভ করিতে ব্যর্থ হইলে খাদ্যপণ্য উৎপাদন বা আমদানি লাইসেন্স বাতিল বলিয়া গণ্য হইবে:

তবে শর্ত থাকে যে, লাইসেন্স প্রদানকারী উপযুক্ত মনে করিলে উক্ত সময়সীমা বৃদ্ধি করিতে পারিবে।

(৮) লাইসেন্স প্রদানকারীর লিখিত অনুমতি ব্যতীত খাদ্যপণ্য উৎপাদন বা আমদানি লাইসেন্স হস্তান্তর অথবা পরিবর্তন করা যাইবে না।

(৯) খাদ্যপণ্য উৎপাদন বা আমদানি লাইসেন্স এর মেয়াদ শেষ হইবার অন্যূন ৯০ (নব্বই) দিন পূর্বে উহা নবায়নের জন্য উপ-প্রবিধান (২) অনুযায়ী আবেদন করিতে হইবে।

(১০) খাদ্যপণ্য উৎপাদন বা আমদানি লাইসেন্সের মেয়াদ শেষ হইবার পর তফসিল ১০ এ উল্লিখিত বিলম্ব ফি'সহ উহা নবায়নের জন্য আবেদন করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, এইরূপ ক্ষেত্রে পূর্ববর্তী লাইসেন্সের মেয়াদ সমাপ্তির তারিখ হইতে বিলম্ব নবায়ন ফি ধার্য করা হইবে।

(১১) লাইসেন্স প্রদানকারী, উৎপাদন বা আমদানি লাইসেন্সপ্রাপ্ত সকল খাদ্যপণ্য বৎসরে অন্যূন একবার পরীক্ষা করিবে:

তবে শর্ত থাকে যে, তফসিল ১০ অনুযায়ী উক্ত পরীক্ষা ফি লাইসেন্সধারী কর্তৃক পরিশোধ করিতে হইবে।

৮। **খাদ্যপণ্য রেজিস্ট্রেশন।**—(১) উৎপাদন বা আমদানির লাইসেন্সপ্রাপ্ত কোনো খাদ্যপণ্য, কোনো ব্র্যান্ড নাম ও প্যাকেজিং এর আওতায় বাজারজাত করিতে হইলে এইরূপ প্রতিটি খাদ্যপণ্যের ব্র্যান্ড ও প্যাকেজিং এর জন্য খাদ্যপণ্য রেজিস্ট্রেশন গ্রহণ করিতে হইবে।

(২) একই খাদ্যপণ্য বা একই ব্র্যান্ড নামের আওতায়, ভিন্ন ভিন্ন পরিমাপ, আকার, ওজন বা প্যাকেজ রাখিবার ক্ষেত্রে প্রতিটির জন্য পৃথক পৃথক খাদ্যপণ্য রেজিস্ট্রেশন গ্রহণ করিতে হইবে।

(৩) খাদ্যপণ্য রেজিস্ট্রেশন গ্রহণ, নবায়ন, পুনর্বহাল, পরিবর্তন, হস্তান্তর বা সংশোধনের জন্য তফসিল ৯ এ উল্লিখিত পদ্ধতি ও শর্ত অনুযায়ী এবং তফসিল ১০ এ উল্লিখিত ফি পরিশোধপূর্বক লাইসেন্স প্রদানকারীর নিকট অনলাইনে আবেদন করিতে হইবে।

(৪) কর্তৃপক্ষ উপ-প্রবিধি (৩) এ উল্লিখিত আবেদন যাচাই-বাছাই করিয়া সন্তুষ্ট হইলে একটি নম্বরযুক্ত খাদ্যপণ্য রেজিস্ট্রেশন প্রদান করিবে:

তবে শর্ত থাকে যে, আবেদন যাচাই-বাছাই করিয়া যথাযথ প্রতীয়মান না হইলে, কর্তৃপক্ষ, খাদ্যপণ্য রেজিস্ট্রেশন আবেদন নামঞ্জুর করিয়া আবেদনকারীকে কারণ উল্লেখপূর্বক অবহিত করিবে।

(৫) খাদ্যপণ্য রেজিস্ট্রেশন এবং উহা নবায়নের মেয়াদ হইবে লাইসেন্স গ্রহণ বা নবায়ন গ্রহণের তারিখ হইতে ৩ (তিন) বৎসর।

(৬) লাইসেন্স প্রদানকারীর লিখিত অনুমতি ব্যতীত খাদ্যপণ্য, খাদ্যপণ্যের প্যাকেজিং বা খাদ্যপণ্যের রেজিস্ট্রেশন পরিবর্তন বা হস্তান্তর করা যাইবে না।

(৭) খাদ্যপণ্য রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হইবার অন্যূন ৯০ (নব্বই) দিন পূর্বে উহা নবায়নের জন্য উপ-প্রবিধান (৩) অনুযায়ী আবেদন করিতে হইবে।

(৮) খাদ্যপণ্য রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হইবার পর তফসিল ১০ এ উল্লিখিত বিলম্ব ফি'সহ উহা নবায়নের জন্য লাইসেন্স প্রদানকারীর নিকট আবেদন করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, এইরূপ ক্ষেত্রে পূর্ববর্তী রেজিস্ট্রেশনের মেয়াদ সমাপ্তির তারিখ হইতে নবায়ন ফি ধার্য করা হইবে।

৯। **রেজিস্ট্রেশন বা লাইসেন্স পরিবর্তন, সংশোধন, ইত্যাদি।**—(১) লাইসেন্স প্রদানকারীর অনুমোদন ব্যতিরেকে খাদ্য ব্যবসা রেজিস্ট্রেশন, খাদ্য ব্যবসা লাইসেন্স, খাদ্য স্থাপনার (প্রিমিসেস) লাইসেন্স, খাদ্যপণ্য উৎপাদন বা আমদানির লাইসেন্স বা খাদ্যপণ্য রেজিস্ট্রেশন এর আওতায় কোনো খাদ্য ব্যবসা, খাদ্য-স্থাপনা, উৎপাদিত বা আমদানিকৃত খাদ্যপণ্যের নাম, অবস্থান, কাঠামোগত, পরিমাণগত, প্যাকেজ সংক্রান্ত, ধরন ও পদ্ধতিগত কোনো পুনঃবিন্যাস, পরিবর্ধন, সংযোজন, পরিবর্তন, সংশোধন অথবা মালিকানা হস্তান্তর বা পরিবর্তন করা যাইবে না।

(২) রেজিস্ট্রেশন বা লাইসেন্সভুক্ত খাদ্য ব্যবসা, খাদ্য-স্থাপনা বা উৎপাদিত বা আমদানিকৃত খাদ্য পণ্য বা খাদ্যপণ্যের নাম, অবস্থান, কাঠামোগত, পরিমাণগত, প্যাকেজ সংক্রান্ত, ধরন ও পদ্ধতিগত কোনো পুনঃবিন্যাস, পরিবর্ধন, সংযোজন, সংশোধন বা পরিবর্তন অথবা মালিকানা হস্তান্তর বা পরিবর্তনের প্রয়োজন হইলে উহা অনুমোদনের জন্য, প্রযোজ্যক্ষেত্রে, প্রবিধান ৪, ৫, ৬, ৭ বা ৮ এবং তফসিল ৫, ৬, ৭, ৮ বা ৯ এ উল্লিখিত পদ্ধতি ও শর্ত অনুসরণ করিয়া লাইসেন্স প্রদানকারীর নিকট আবেদন করিতে হইবে।

(৩) আবেদনে উল্লিখিত পরিবর্তনগুলি অনুমোদনের সময়, লাইসেন্স প্রদানকারী, ব্যবসা চালাইয়া যাইবার সম্ভাব্যতা, কাঙ্ক্ষিত পরিবর্তন, সংযোজন বা কার্যক্রমে পরিবর্তনের আইনি এবং অন্যান্য প্রাসঙ্গিক দিক বিবেচনা করিয়া চূড়ান্ত অনুমোদন মঞ্জুর করিবার পূর্বে, প্রয়োজনে, খাদ্য-স্থাপনা পরিদর্শন বা খাদ্যপণ্য পরীক্ষা করিবার আদেশ বা বিশেষজ্ঞ বা প্যানেল কর্তৃক পরীক্ষা-নিরীক্ষা করিবার আদেশ প্রদান করিতে পারিবে।

(৪) উপ-প্রবিধান (২) অনুযায়ী আবেদন প্রাপ্তির পর লাইসেন্স প্রদানকারী প্রস্তাবিত পরিবর্তনগুলি পর্যালোচনা করিয়া সন্তুষ্ট হইলে উক্ত আবেদন অনুমোদন করিতে পারিবে এবং সেই অনুযায়ী একটি সংশোধিত রেজিস্ট্রেশন বা লাইসেন্স ইস্যু করিতে পারিবে।

(৫) এইরূপ পরিবর্তন বা সংশোধনের আবেদন প্রাপ্তির পর লাইসেন্স প্রদানকারী আবেদন পরীক্ষা-নিরীক্ষা করিয়া, খাদ্য-স্থাপনা পরিদর্শন বা খাদ্যপণ্য পরীক্ষার প্রতিবেদন অথবা বিশেষজ্ঞ বা প্যানেল কর্তৃক পরীক্ষা-নিরীক্ষার ফলাফল বা মতামত পর্যালোচনা করিয়া সন্তোষজনক বিবেচিত না হইলে কারণ উল্লেখপূর্বক আবেদন নামঞ্জুর করিতে পারিবে এবং উক্ত নামঞ্জুরের ক্ষেত্রে কর্তৃপক্ষ, আবেদনকারীকে কারণ উল্লেখপূর্বক অবহিত করিবে।

(৬) রেজিস্ট্রেশন, লাইসেন্স পরিবর্তন বা সংশোধন করা হইলে উহার মেয়াদ মূল রেজিস্ট্রেশন বা লাইসেন্সের অবশিষ্ট মেয়াদ পর্যন্ত বলবৎ থাকিবে।

১০। **রেজিস্ট্রেশন বা লাইসেন্স স্থগিত, বাতিল, পুনর্বহাল, ইত্যাদি।**—(১) নিরাপদ খাদ্য পরিদর্শক বা কর্তৃপক্ষ কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তার পরিদর্শনকালে অথবা অন্য কোনোভাবে যদি প্রতীয়মান হয় যে, কোনো খাদ্য ব্যবসায়ী খাদ্য ব্যবসা পরিচালনা, খাদ্য-স্থাপনা (প্রিমিসেস), খাদ্যপণ্য উৎপাদন বা আমদানির রেজিস্ট্রেশন বা লাইসেন্স সংক্রান্ত শর্তাবলি, অনুসরণীয় সাধারণ নির্দেশনাবলি অথবা এতৎসংক্রান্ত জারিকৃত আদেশ বা নির্দেশনা ভঙ্গ করিয়াছেন বা মানিয়া চলিতে ব্যর্থ হইয়াছেন, তাহা হইলে কর্তৃপক্ষ উহা উল্লেখপূর্বক, অনধিক ১৪ (চৌদ্দ) কার্যদিবসের মধ্যে সংশোধনের জন্য সংশ্লিষ্ট খাদ্য ব্যবসায়ীকে নোটিশ প্রদান করিবে:

তবে শর্ত থাকে যে, খাদ্য ব্যবসায়ীর মৃত্যু বা খাদ্য ব্যবসা মালিকানা লইয়া বিরোধের ক্ষেত্রে রেজিস্ট্রেশন বা লাইসেন্সধারীর পরিবারের বা আইনগত প্রতিনিধি বা খাদ্য ব্যবসার বর্তমান দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে নোটিশ প্রেরণ করা যাইবে:

আরও শর্ত থাকে যে, খাদ্য ব্যবসায়ীর আবেদনের প্রেক্ষিতে কর্তৃপক্ষ উক্ত সময়সীমা অনধিক ১৪ (চৌদ্দ) কার্যদিবস বৃদ্ধি করিতে পারিবে।

(২) সংশ্লিষ্ট খাদ্য ব্যবসায়ী উপ-প্রবিধান (১) এ উল্লিখিত নোটিশে নির্ধারিত সময়ের মধ্যে উল্লিখিত ত্রুটি সংশোধনে ব্যর্থ হইলে, লাইসেন্স প্রদানকারী শুনানির যুক্তিসঙ্গত সুযোগ প্রদানপূর্বক, কারণ লিপিবদ্ধ করিয়া, ইস্যুকৃত রেজিস্ট্রেশন বা লাইসেন্স স্থগিত করিতে পরিবে এবং উক্তরূপ স্থগিতের বিষয়টি সংশ্লিষ্ট খাদ্য ব্যবসায়ীকে অবহিত করিবে।

(৩) উপ-প্রবিধান (১) ও (২) এ যাহা কিছুই থাকুক না কেন, কর্তৃপক্ষ বা লাইসেন্স প্রদানকারী জরুরি বা গুরুতর জনস্বাস্থ্য সমস্যা বিবেচনায় কারণ লিপিবদ্ধ করিয়া, নোটিশ প্রদান বা শুনানি গ্রহণ ব্যতিরেকে অবিলম্বে যেকোনো রেজিস্ট্রেশন বা লাইসেন্স স্থগিত করিতে পারিবে।

(৪) উপ-প্রবিধান (২) ও (৩) অনুযায়ী প্রদত্ত স্থগিতাদেশ প্রাপ্তির ১৪ (চৌদ্দ) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট খাদ্য ব্যবসায়ী প্রয়োজনীয় যুক্তি ও প্রমাণাদিসহ সিদ্ধান্ত পুনর্বিবেচনার (Review) জন্য লিখিতভাবে আবেদন করিতে পারিবে।

(৫) উপ-প্রবিধান (৪) অনুযায়ী আবেদন পাইবার অনধিক ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে লাইসেন্স প্রদানকারী উক্ত খাদ্য ব্যবসায়ীর খাদ্য-স্থাপনা (প্রিমিসেস) পরিদর্শন বা খাদ্যপণ্য পরীক্ষার ব্যবস্থা করিবে।

(৬) উপ-প্রবিধান (৫) অনুযায়ী পরিদর্শন বা খাদ্যপণ্য পরীক্ষার পর প্রাপ্ত পরিদর্শন প্রতিবেদন বা খাদ্যপণ্য পরীক্ষার ফলাফল পর্যালোচনায়, খাদ্য ব্যবসায়ী উপ-প্রবিধান (২) বা (৩) অনুযায়ী জারিকৃত স্থগিতাদেশে উল্লিখিত কারণসমূহ সংশোধনের যথাযথ পদক্ষেপ গ্রহণ করিয়াছেন মর্মে প্রতীয়মান হইলে লাইসেন্স প্রদানকারী সংশ্লিষ্ট রেজিস্ট্রেশন বা লাইসেন্স স্থগিতের সিদ্ধান্ত প্রত্যাহার করিবে।

(৭) উপ-প্রবিধান (৫) অনুযায়ী পরিদর্শন বা খাদ্যপণ্য পরীক্ষার পর প্রাপ্ত প্রতিবেদন পর্যালোচনা করিয়া খাদ্য ব্যবসায়ী উপ-প্রবিধান (২) বা (৩) অনুযায়ী জারিকৃত স্থগিতাদেশে উল্লিখিত কারণসমূহ সংশোধনের যথাযথ পদক্ষেপ গ্রহণে ব্যর্থ হইয়াছেন বলিয়া প্রতীয়মান হইলে লাইসেন্স প্রদানকারী সংশ্লিষ্ট রেজিস্ট্রেশন বা লাইসেন্স বাতিলের জন্য কারণ দর্শাইয়া ১৪ (চৌদ্দ) কার্যদিবসের মধ্যে জবাব আহ্বান করিয়া সংশ্লিষ্ট খাদ্য ব্যবসায়ীকে নোটিশ প্রদান করিবে।

(৮) সংশ্লিষ্ট খাদ্য ব্যবসায়ীর উপ-প্রবিধান (৭) অনুযায়ী জবাব প্রদান করিলে উক্ত জবাব বিবেচনা করিয়া লাইসেন্স প্রদানকারী পুনরায় উক্ত খাদ্য-স্থাপনা পরিদর্শন বা খাদ্যপণ্য পরীক্ষা করিয়া যথাযথ ব্যবস্থা গ্রহণ করিবে।

(৯) সংশ্লিষ্ট খাদ্য ব্যবসায়ীর উপ-প্রবিধান (৭) অনুযায়ী জবাব প্রদান না করিলে বা জবাব সন্তোষজনক না হইলে লাইসেন্স প্রদানকারী কারণ উল্লেখপূর্বক সংশ্লিষ্ট রেজিস্ট্রেশন বা লাইসেন্স বাতিল করিবে।

(১০) লাইসেন্স প্রদানকারী এই প্রবিধানমালার অধীন কোনো খাদ্য ব্যবসায়ীর রেজিস্ট্রেশন বা লাইসেন্স স্থগিত বা বাতিল করেলে তিনি কোনো ক্ষতিপূরণ দাবি করিতে পারিবেন না।

(১১) উপ-প্রবিধান (৯) অনুযায়ী লাইসেন্স বাতিলের ৬ (ছয়) মাসের মধ্যে সংশ্লিষ্ট খাদ্য ব্যবসায়ী বাতিল আদেশে বর্ণিত ত্রুটি-বিচ্যুতিসমূহ সংশোধন বা পরিবর্তন করিয়া লাইসেন্স প্রদানকারী বরাবর তফসিল ১০ এ নির্ধারিত ফি পরিশোধপূর্বক প্রমাণকসহ রেজিস্ট্রেশন বা লাইসেন্স পুনর্বহাল করিবার জন্য আবেদন করিতে পারিবে।

(১২) উপ-প্রবিধান (১১) অনুযায়ী আবেদন প্রাপ্তির পর কর্তৃপক্ষ ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট খাদ্য-স্থাপনা পরিদর্শন বা খাদ্যপণ্য পরীক্ষা করিয়া একটি প্রতিবেদন প্রস্তুত করিবে।

(১৩) উপ-প্রবিধান (১২) তে উল্লিখিত সংশ্লিষ্ট খাদ্য-স্থাপনা পরিদর্শন বা খাদ্যপণ্য পরীক্ষা প্রতিবেদন সন্তোষজনক হইলে লাইসেন্স প্রদানকারী ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট রেজিস্ট্রেশন বা লাইসেন্স বাতিলের আদেশ প্রত্যাহার করিবে অথবা সন্তোষজনক বিবেচিত না হইলে সংশ্লিষ্ট রেজিস্ট্রেশন বা লাইসেন্স পুনর্বহালের আবেদন নামঞ্জুর করিয়া কারণসহ সংশ্লিষ্ট খাদ্য ব্যবসায়ীকে লিখিতভাবে অবহিত করিবে।

(১৪) লাইসেন্স প্রদানকারী উপ-প্রবিধান (৫), (৮) বা (১১) এর আওতায় খাদ্য স্থাপনা (প্রিমিসেস) পরিদর্শন বা খাদ্যপণ্য পরীক্ষার সিদ্ধান্ত গ্রহণ করিলে উক্ত পরিদর্শন বা খাদ্যপণ্য পরীক্ষার ফি খাদ্য ব্যবসায়ী কর্তৃক ৭ (সাত) কার্যদিবসের মধ্যে পরিশোধ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, ৭ (সাত) কার্যদিবসের মধ্যে খাদ্য স্থাপনা (প্রিমিসেস) পরিদর্শন বা খাদ্যপণ্য পরীক্ষার ফি পরিশোধ করা না হইলে লাইসেন্স প্রদানকারী পূর্বের সিদ্ধান্ত বহাল রাখিতে অথবা রেজিস্ট্রেশন বা লাইসেন্স বাতিল করিতে পারিবে।

(১৫) কোনো খাদ্য ব্যবসায়ী তাহার মালিকানাধীন খাদ্য ব্যবসা বন্ধ বা অবসান করিতে চাহিলে তাহাকে লাইসেন্স প্রদানকারীর নিকট আবেদন করিতে হইবে এবং লাইসেন্স প্রদানকারী উক্ত আবেদন পর্যালোচনা করিয়া ব্যবসা বন্ধের আবেদন মঞ্জুর করিবে এবং উহা সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশের ব্যবস্থা গ্রহণ করিবে।

(১৬) রেজিস্ট্রেশন বা লাইসেন্স পুনর্বহালের আদেশ প্রদান করা হইলে উহা মূল রেজিস্ট্রেশন বা লাইসেন্সের অবশিষ্ট মেয়াদ পর্যন্ত বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, মূল রেজিস্ট্রেশন বা লাইসেন্সের মেয়াদ অবশিষ্ট না থাকিলে রেজিস্ট্রেশন বা লাইসেন্স নবায়নের ফি পরিশোধ সাপেক্ষে পুনর্বহালকৃত রেজিস্ট্রেশন বা লাইসেন্সের মেয়াদ হইবে পূর্ববর্তী লাইসেন্স বা রেজিস্ট্রেশন এর মেয়াদ সমাপ্তির তারিখ হইতে ৩ (তিন) বৎসর।

(১৭) রেজিস্ট্রেশন বা লাইসেন্স স্থগিত বা বাতিল থাকা অবস্থায় সংশ্লিষ্ট খাদ্য ব্যবসা পরিচালনা বা খাদ্যপণ্য উৎপাদন, আমদানি বা বিপণন করা যাইবে না।

১১। **ডুপ্লিকেট রেজিস্ট্রেশন সনদ বা লাইসেন্স।**—(১) কোনো খাদ্য ব্যবসায়ীর রেজিস্ট্রেশন বা লাইসেন্স সনদ হারাইয়া গেলে, চুরি হইয়া গেলে বা বিনষ্ট হইলে তিনি নিকটস্থ থানায় সাধারণ ডায়েরি (জিডি) করিয়া উহার অনুলিপিসহ তফসিল ১০ এ উল্লিখিত ফি প্রদানপূর্বক ডুপ্লিকেট রেজিস্ট্রেশন বা লাইসেন্স সনদের জন্য লাইসেন্স প্রদানকারীর নিকট অনলাইনে আবেদন করিতে পারিবেন।

(২) উপ-প্রবিধান (১) এ উল্লিখিত আবেদন যাচাই-বাছাইপূর্বক লাইসেন্স প্রদানকারী ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট ডুপ্লিকেট রেজিস্ট্রেশন বা লাইসেন্স সনদ ইস্যু করিবে।

১২। **লাইসেন্স হস্তান্তর, ইত্যাদি।**—(১) কোনো রেজিস্ট্রেশন বা লাইসেন্সধারীর মৃত্যু হইলে, উক্ত রেজিস্ট্রেশন বা লাইসেন্সধারীর পরিবার, আইনগত প্রতিনিধি বা খাদ্য ব্যবসা পরিচালনার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির মাধ্যমে, প্রমাণকসহ মৃত্যুর তথ্য অনতিবিলম্বে লাইসেন্স প্রদানকারীকে লিখিতভাবে অবহিত করিতে হইবে।

(২) মৃত ব্যক্তির আইনগত প্রতিনিধি বা পরিবারের সদস্যগণের সুবিধার জন্য রেজিস্ট্রেশন বা লাইসেন্স এর মেয়াদ থাকা সাপেক্ষে মৃত্যুর তারিখ হইতে নমিনির অনুকূলে ১৮০ (একশত আশি) দিন পর্যন্ত সংশ্লিষ্ট রেজিস্ট্রেশন বা লাইসেন্স বহাল থাকিবে।

(৩) রেজিস্ট্রেশন বা লাইসেন্সধারী মৃত ব্যক্তির আইনগত প্রতিনিধি বা পরিবারের মনোনীত সদস্য তাহার অনুকূলে উক্ত রেজিস্ট্রেশন বা লাইসেন্স হস্তান্তরের জন্য তফসিল ১০ এ উল্লিখিত ফি পরিশোধপূর্বক প্রমাণকসহ লাইসেন্স প্রদানকারীর নিকট আবেদন করিতে পারিবে।

(৪) লাইসেন্স প্রদানকারী, যাচাইপূর্বক সন্তুষ্ট হইলে উপ-প্রবিধান (৩) অনুযায়ী আবেদনকারীর অনুকূলে রেজিস্ট্রেশন সনদ বা লাইসেন্স স্থানান্তরের অনুমতি প্রদান করিবে।

(৫) লাইসেন্স প্রদানকারী যুক্তিসংগত কারণ উল্লেখপূর্বক উপ-প্রবিধান (৩) অনুযায়ী দাখিলকৃত আবেদন নামঞ্জুর করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, উক্ত নামঞ্জুরের ক্ষেত্রে আবেদনকারীকে যুক্তিসঙ্গত শুনানির সুযোগ প্রদান করিতে হইবে:

আরও শর্ত থাকে যে, লাইসেন্স প্রদানকারী আবেদন নামঞ্জুরের কারণসমূহ আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিবে।

(৬) আইনগত প্রতিনিধি বা উত্তরাধিকারীর বিষয়টি বিরোধপূর্ণ হইলে ব্যবসা পরিচালনার স্বার্থে লাইসেন্স প্রদানকারী অন্তর্বর্তী আদেশ প্রদান করিতে পারিবে।

(৭) উপ-প্রবিধান (৩) অনুযায়ী দাখিলকৃত আবেদন নিষ্পত্তি না হওয়া পর্যন্ত সংশ্লিষ্ট রেজিস্ট্রেশন বা লাইসেন্স উহার অবশিষ্ট মেয়াদকাল, যদি থাকে, পর্যন্ত বলবৎ থাকিবে।

(৮) লাইসেন্স প্রদানকারীর নিকট যথাযথ প্রতীয়মান হইলে সংশ্লিষ্ট বিষয়ে প্রবিধি ১০ অনুযায়ী উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

১৩। **আপিল ও রিভিউ।**—(১) রেজিস্ট্রেশন, লাইসেন্স অনুমোদন, সংশোধন, পরিবর্তন বা বাতিল সংক্রান্ত লাইসেন্স প্রদানকারীর আদেশ দ্বারা কোনো খাদ্য ব্যবসায়ী সংক্ষুব্ধ হইলে উক্ত আদেশের বিরুদ্ধে তিনি আপিল বা রিভিউ এর আবেদন করিতে পারিবেন।

(২) আপিল বা রিভিউ এর আবেদন লাইসেন্স প্রদানকারীর আদেশ প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে দায়ের করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, যুক্তিসঙ্গত কারণ উল্লেখ করিয়া উক্ত সময় ৯০ (নব্বই) কার্যদিবস পর্যন্ত বৃদ্ধি করা যাইবে।

(৩) উপ-প্রবিধান (১) এ উল্লিখিত আপিল কর্তৃপক্ষের নিকট এবং রিভিউ লাইসেন্স প্রদানকারীর নিকট দায়ের করিতে হইবে।

(৪) উপ-প্রবিধান (১) অনুযায়ী আপিল বা রিভিউ এর আবেদন দাখিলের জন্য তফসিল ১০ এ উল্লিখিত ফি প্রদান করিতে হইবে।

(৫) আপিলে প্রদত্ত সিদ্ধান্ত চূড়ান্ত হইবে।

(৬) আপিলের আবেদন ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে এবং রিভিউ এর আবেদন ৪৫ (পঁয়তাল্লিশ) কার্যদিবসের মধ্যে নিষ্পত্তি করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, নির্ধারিত সময়ের মধ্যে আবেদন নিষ্পত্তি করা না গেলে উক্ত সময়সীমা আরও ৩০ (ত্রিশ) কার্যদিবস বৃদ্ধি করা যাইবে।

(৭) সংশ্লিষ্ট পক্ষগণকে নোটিশ প্রদান করিয়া শুনানি গ্রহণ, আবেদন ও দালিলিক প্রমাণ যাচাই-বাছাই ও পর্যালোচনা, প্রয়োজনবোধে খাদ্যপণ্য পরীক্ষা, বিশেষজ্ঞ বা প্যানেল এর মতামত গ্রহণ, সরেজমিন পরিদর্শন, ইত্যাদি করিয়া বা করাইয়া রিভিউ বা আপিল নিষ্পত্তি করিতে হইবে।

## চতুর্থ অধ্যায়

## বিবিধ

১৪। **আবেদন নিষ্পত্তির সময়সীমা।**—লাইসেন্স প্রদানকারী সংশ্লিষ্ট তফসিলে উল্লিখিত সময়সীমার মধ্যে রেজিস্ট্রেশন ও লাইসেন্স সংক্রান্ত আবেদন নিষ্পত্তি করিবে।

১৫। **ফি'সমূহ পরিশোধ, ইত্যাদি।**—(১) তফসিল ১০ এর ক্রমিক ১ এ উল্লিখিত ফি নন ট্যাক্স রেভিনিউ হিসাবে এ-চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান করিতে হইবে।

(২) তফসিল ১০ এর ক্রমিক ২, ৩ ও ৪ এ উল্লিখিত ফি'সমূহ কর্তৃপক্ষের তহবিলে জমা প্রদান করিতে হইবে।

(৩) আবেদনকারীকে তফসিল ১০ এ উল্লিখিত হারে আবেদন ফি পরিশোধপূর্বক রেজিস্ট্রেশন ও লাইসেন্স গ্রহণ, উহার নবায়ন, পুনর্বহাল, পরিবর্তন, হস্তান্তর, সংশোধন বা এতৎসংক্রান্ত আবেদন দাখিল করিতে হইবে।

(৪) লাইসেন্স প্রদানকারী কর্তৃক এই প্রবিধানমালার অধীন কোনো আবেদন অনুমোদিত হইলে আবেদনকারীকে ১৪ (চৌদ্দ) কার্যদিবসের মধ্যে প্রযোজ্য অন্যান্য ফি'সমূহ পরিশোধ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, লাইসেন্স প্রদানকারী উক্ত সময়সীমা ৩০ (ত্রিশ) কার্যদিবস পর্যন্ত বৃদ্ধি করিতে পারিবে।

(৫) উপ-প্রবিধান (৪) এ উল্লিখিত সময়সীমার মধ্যে কোনো আবেদনকারী উক্ত ফিসমূহ পরিশোধ না করিলে সংশ্লিষ্ট অনুমোদন বাতিল বলিয়া গণ্য হইবে।

১৬। **রেজিস্ট্রেশন ও লাইসেন্স এর মেয়াদ সমন্বিতকরণ।**—(১) কোনো খাদ্য ব্যবসায়ীর আবেদনের প্রেক্ষিতে অথবা লাইসেন্স প্রদানকারী স্ব-প্রণোদিত হইয়া, সংশ্লিষ্ট খাদ্য ব্যবসা পরিচালনার রেজিস্ট্রেশন বা খাদ্য ব্যবসা পরিচালনার লাইসেন্স এর আওতাধীন খাদ্য-স্থাপনা (প্রিমিসেস) লাইসেন্স, খাদ্য উৎপাদন বা আমদানি লাইসেন্স বা খাদ্যপণ্য রেজিস্ট্রেশন এর মেয়াদ উত্তীর্ণের তারিখ সমন্বিত করিতে পারিবে।

(২) উপ-প্রবিধান (১) এ উল্লিখিত মেয়াদ উত্তীর্ণের তারিখ সমন্বিত করিবার ক্ষেত্রে খাদ্য ব্যবসা পরিচালনার রেজিস্ট্রেশন বা খাদ্য ব্যবসা পরিচালনার লাইসেন্স এর যে মেয়াদ অবশিষ্ট থাকিবে উক্ত সময়কাল পর্যন্ত খাদ্য-স্থাপনা (প্রিমিসেস) লাইসেন্স, খাদ্য উৎপাদন বা আমদানি লাইসেন্স বা খাদ্যপণ্য রেজিস্ট্রেশন নবায়ন করা যাইবে।

(৩) উপ-প্রবিধান (২) এ উল্লিখিত নবায়নের ক্ষেত্রে এক বৎসর বা তাহার অংশের জন্য এক বৎসরের অনুপাতে নবায়ন ফি ধার্য হইবে।

১৭। **সনদ, প্রতীক, নম্বর, রেখা কোড, ইত্যাদি প্রদর্শন।**—এই প্রবিধানমালার আওতায় প্রদত্ত রেজিস্ট্রেশন বা লাইসেন্স এর সনদ এবং এতৎসংক্রান্ত প্রতীক, নম্বর, চিহ্ন, পরিচিতিমূলক কোড, কিউআর কোড বা রেখা-কোড, বার কোড, ইত্যাদি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান, খাদ্য-স্থাপনা (প্রিমিসেস), খাদ্যপণ্যের লেবেল, অফিস প্যাড, বিল-ভাউচার, ইত্যাদিসহ সংশ্লিষ্ট অন্যান্য দলিলে প্রদর্শন করিতে হইবে।

১৮। **নির্দেশ বা আদেশ প্রদান।**—(১) কর্তৃপক্ষ, সরকারের অনুমোদনক্রমে, রেজিস্ট্রেশন বা লাইসেন্স এবং এই প্রবিধানমালার বিধানাবলি কার্যকর করিবার পদ্ধতি সম্পর্কিত আদেশ বা নির্দেশ প্রণয়ন ও জারি করিতে পারিবে।

(২) উপ-প্রবিধান (১) অনুযায়ী প্রণীত ও জারীকৃত আদেশ বা নির্দেশ প্রত্যেক খাদ্য ব্যবসায়ী মানিয়া চলিতে বাধ্য থাকিবে এবং এইরূপ আদেশ বা নির্দেশ অমান্য করিলে এই প্রবিধানমালার বিধানাবলি লঙ্ঘন বলিয়া গণ্য হইবে।

(৩) কোনো খাদ্য ব্যবসায়ী উপ-প্রবিধান (১) অনুযায়ী প্রণীত ও জারীকৃত আদেশ বা নির্দেশ অমান্য করিলে কর্তৃপক্ষ প্রবিধান ১০ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

(৪) কোনো খাদ্য ব্যবসায়ী, উৎপাদিত বা আমদানিকৃত খাদ্যের উৎস শনাক্তকরণের (Traceability) নিমিত্ত, অন্য কোনো খাদ্য ব্যবসায়ীর সহিত সরবরাহ বা গ্রহণ করিবার ক্ষেত্রে, নিরাপদ খাদ্য (খাদ্য ব্যবসায়ীর বাধ্যবাধকতা) প্রবিধানমালা, ২০২০ অনুসরণ ও সংশ্লিষ্ট প্রমাণকসমূহ সংরক্ষণ করিতে হইবে।

১৯। **অন্য প্রবিধানমালার প্রযোজ্যতা।**—অন্য কোনো বিধিমালা বা প্রবিধানমালার আওতায় কোনো লাইসেন্স বা রেজিস্ট্রেশন গ্রহণ করা হইলেও যদি এই প্রবিধানমালার আওতায় উক্ত লাইসেন্স বা রেজিস্ট্রেশন গ্রহণের বিধান থাকে তাহা হইলে এই প্রবিধানমালার আওতায় উক্ত রেজিস্ট্রেশন বা লাইসেন্স গ্রহণ করিতে হইবে।

২০। **অপরাধ ও দণ্ড।**—এই প্রবিধানমালার বিধানাবলি লঙ্ঘন করিয়া রেজিস্ট্রেশন বা লাইসেন্স ব্যতীত খাদ্য ব্যবসা পরিচালনা, খাদ্যপণ্য উৎপাদন, প্রক্রিয়াকরণ, মজুদ, আমদানি বা বিপণন করা হইলে নিরাপদ খাদ্য আইন, ২০১৩ (২০১৩ সনের ৪৩ নং আইন) এর ক্ষেত্রমত, ধারা ৩১ বা ৩৯ অথবা উভয় ধারার লঙ্ঘন বলিয়া গণ্য হইবে এবং উক্ত আইনের ধারা ৫৮ বা ক্ষেত্রমত, ধারা ৫৯ এর বিধান অনুযায়ী দণ্ড আরোপিত হইবে।

২১। **তফসিল সংশোধনের ক্ষমতা।**—কর্তৃপক্ষ, সরকারের পূর্বানুমোদনক্রমে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, তফসিল সংশোধন করিতে পারিবে।

২২। **অপ্রযোজ্যতা।**—Pure Food Rules, 1967 এর যে সকল বিধান এই প্রবিধানমালার বিধানের সহিত সম্পর্কিত সে সকল বিধান এই প্রবিধানমালা কার্যকর হইবার সঙ্গে সঙ্গে অপ্রযোজ্য হইবে।

২৩। **ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ।**—এই প্রবিধানমালা কার্যকর হইবার পর কর্তৃপক্ষ, প্রয়োজনবোধে, সরকারের পূর্বানুমোদনক্রমে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই প্রবিধানমালার ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ প্রকাশ করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, বাংলা পাঠ ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

## তফসিল

### তফসিল ১

**[প্রবিধান ৪ দ্রষ্টব্য]**

### বাধ্যতামূলক রেজিস্ট্রেশনের আওতাভুক্ত খাদ্য ব্যবসাসমূহ

| ক্রমিক | বিবরণ |
|---|---|
| ১। | সরাসরি খাবার উপযোগী (Ready to Eat) খাবার প্রস্তুতকারী বা পরিবেশনকারী এমন সকল খাদ্য ব্যবসা পরিচালনার (যেমন- রেস্টুরেন্ট; বেকারি; ফলের জুস, পানীয়; পিঠা, পুলি, পুরি, পেঁয়াজু ইত্যাদি; সকল ধরনের ফাস্ট ফুড; ক্যাটারিং সার্ভিস ইত্যাদি)। |
| ২। | মোড়কাবদ্ধ বা প্যাকেটকৃত সকল প্রকার খাদ্য উৎপাদন ও প্রক্রিয়াকরণ। |
| ৩। | সকল প্রকার আইসক্রিম ও দুগ্ধজাত পণ্য উৎপাদন ও প্রক্রিয়াকরণ। |
| ৪। | মিষ্টি প্রস্তুত ও বিক্রয়ের কারখানা ও দোকান। |
| ৫। | সকল প্রকার পাইকারী মুদি খাদ্য ব্যবসা পরিচালনার। |
| ৬। | কাঁচা ও তাজা খাদ্য এবং ব্যক্তিগত ব্যবহারের জন্য আমদানি ব্যতীত সকল প্রকার খাদ্য আমদানি। |
| ৭। | সরকারি ব্যতীত অন্যান্য সকল খাদ্য মজুদ ও সংরক্ষণের জন্য ব্যবহৃত খাদ্য গুদাম, সংরক্ষণাগার ও কোল্ড স্টোরেজ। |
| ৮। | পাইকারী বা বাণিজ্যিক ভোজ্যতেল উৎপাদন, প্রক্রিয়াকরণ, মজুদ, আমদানি ও বিপণন। |
| ৯। | ভোজ্য লবণ উৎপাদন, প্রক্রিয়াকরণ, মজুদ, আমদানি ও বিপণন। |
| ১০। | বিশেষ ধরনের খাদ্য (যেমন- শিশুদের খাদ্য, বয়স্ক বা বিশেষ রোগে আক্রান্তদের জন্য বিশেষভাবে প্রস্তুতকৃত খাদ্য) উৎপাদন, প্রক্রিয়াকরণ, মজুদ, আমদানি ও বিপণন। |
| ১১। | সকল ধরনের সমৃদ্ধ খাদ্য (Fortified Food) উৎপাদন, প্রক্রিয়াকরণ, মজুদ, আমদানি ও বিপণন। |
| ১২। | স্বাস্থ্য সহায়ক খাদ্য বা সম্পূরক খাদ্য, বিশেষ পথ্য হিসাবে ব্যবহৃত খাদ্য, চিকিৎসাজনিত কারণে বিশেষ পথ্য হিসাবে ব্যবহৃত খাদ্য, প্রিবায়োটিক ও প্রোবায়োটিক খাদ্য উৎপাদন, প্রক্রিয়াকরণ, মজুদ, আমদানি বা রপ্তানি ও বিপণন। |
| ১৩। | বংশগত বৈশিষ্ট্য পরিবর্তনকৃত বা সংশোধিত খাদ্য, জৈব-খাদ্য, কিরণ-সম্পাতকৃত খাদ্য (irradiated food), স্বত্বাধিকারী খাদ্য, অভিনব খাদ্য, ব্যবহারিক খাদ্য এবং উক্তরূপ অন্যান্য খাদ্য উৎপাদন, প্রক্রিয়াকরণ, মজুদ, আমদানি বা রপ্তানি ও বিপণন। |
| ১৪। | একাধিক ধাপে প্রক্রিয়াজাত খাদ্য (যেমন- শুঁটকি, গুঁড়, কুমড়ার বড়ি, মিষ্টান্ন ইত্যাদি) উৎপাদন, প্রক্রিয়াকরণ, মজুদ, আমদানি ও বিপণন। |
| ১৫। | খাদ্য সংযোজন দ্রব্য (Food Additives) এর পাইকারী বা বাণিজ্যিক উৎপাদন, প্রক্রিয়াকরণ, মজুদ, আমদানি ও বিপণন। |
| ১৬। | নিরাপদ খাদ্য (বিজ্ঞাপন ও দাবি) প্রবিধানমালা, ২০২৫ অনুযায়ী কোনো স্বাস্থ্য সহায়ক দাবি বা রোগের ঝুঁকি হ্রাস সংক্রান্ত দাবি এবং এইরূপ খাদ্য উৎপাদন, প্রক্রিয়াকরণ, মজুদ, আমদানি ও বিপণন। |

## তফসিল ২
**[প্রবিধান ৫ দ্রষ্টব্য]**

### বাধ্যতামূলক খাদ্য ব্যবসা লাইসেন্স এর আওতাভুক্ত খাদ্য ব্যবসাসমূহ

| ক্রমিক | বিবরণ |
|---|---|
| ১। | আইন অথবা আইনের অধীন কোনো বিধিমালা বা প্রবিধানমালার অধীন স্বাস্থ্য সহায়ক খাদ্য বা সম্পূরক খাদ্য, বিশেষ পথ্য হিসাবে ব্যবহৃত খাদ্য, চিকিৎসাজনিত কারণে বিশেষ পথ্য হিসাবে ব্যবহৃত খাদ্য, প্রিবায়োটিক ও প্রোবায়োটিক খাদ্য, নিউট্রাসিউটিক্যাল এবং উক্তরূপ অন্যান্য খাদ্য উৎপাদন, প্রক্রিয়াকরণ, মজুদ, আমদানি ও বিপণন। |
| ২। | আইন অথবা আইনের অধীন কোনো বিধিমালা বা প্রবিধানমালার অধীন বংশগত বৈশিষ্ট্য পরিবর্তনকৃত বা সংশোধিত খাদ্য, জৈব-খাদ্য, কিরণ-সম্পাতকৃত খাদ্য (irradiated food), স্বত্বাধিকারী খাদ্য, অভিনব খাদ্য, ব্যবহারিক খাদ্য এবং উক্তরূপ অন্যান্য খাদ্য উৎপাদন, প্রক্রিয়াকরণ, মজুদ, আমদানি ও বিপণন। |
| ৩। | আইন অথবা আইনের অধীন কোনো বিধিমালা বা প্রবিধানমালার অধীন পুষ্টি সমৃদ্ধ (Fortified) খাদ্য এবং উক্তরূপ অন্যান্য খাদ্য উৎপাদন, প্রক্রিয়াকরণ, মজুদ, আমদানি ও বিপণন। তবে বিদ্যমান অন্য আইন বা তাহার অধীন বিধিমালা বা প্রবিধানমালার অধীন পুষ্টি সমৃদ্ধ (Fortified) খাদ্য হিসেবে লাইসেন্স, রেজিস্ট্রেশন বা অনুমতি প্রাপ্ত হইলে এ প্রবিধানমালার আওতায় খাদ্য ব্যবসা পরিচালনার লাইসেন্স, খাদ্য উৎপাদন বা আমদানি লাইসেন্স এবং খাদ্যপণ্য রেজিস্ট্রেশন এর বাধ্যবাধকতা হইতে অব্যাহতি প্রাপ্ত হইবে। |
| ৪। | নিরাপদ খাদ্য (বিজ্ঞাপন ও দাবি) প্রবিধানমালা, ২০২৫ অনুযায়ী কোনো স্বাস্থ্য সহায়ক দাবি বা রোগের ঝুঁকি হ্রাস সংক্রান্ত দাবি এবং এইরূপ খাদ্য উৎপাদন, প্রক্রিয়াকরণ, মজুদ, আমদানি ও বিপণন। তবে বিদ্যমান অন্য আইন বা তাহার অধীন বিধিমালা বা প্রবিধানমালার অধীন এইরূপ খাদ্য উৎপাদন, প্রক্রিয়াকরণ, মজুদ, আমদানি ও বিপণনের লাইসেন্স, রেজিস্ট্রেশন বা অনুমতি প্রাপ্ত হইলে এ প্রবিধানমালার আওতায় খাদ্য ব্যবসা পরিচালনার লাইসেন্স, খাদ্য উৎপাদন বা আমদানি লাইসেন্স এবং খাদ্যপণ্য রেজিস্ট্রেশন এর বাধ্যবাধকতা হইতে অব্যাহতি প্রাপ্ত হইবে। |

**তফসিল ৩**
**[প্রবিধান ৬ দ্রষ্টব্য]**

## বাধ্যতামূলক খাদ্য-স্থাপনা (প্রিমিসেস) লাইসেন্স এর আওতাভুক্ত খাদ্য ব্যবসাসমূহ

| ক্রমিক | বিবরণ |
|---|---|
| ১। | আইন অথবা আইনের অধীন কোনো বিধিমালা বা প্রবিধানমালার অধীন স্বাস্থ্য সহায়ক খাদ্য বা সম্পূরক খাদ্য, বিশেষ পথ্য হিসাবে ব্যবহৃত খাদ্য, চিকিৎসাজনিত কারণে বিশেষ পথ্য হিসাবে ব্যবহৃত খাদ্য, প্রিবায়োটিক ও প্রোবায়োটিক খাদ্য, নিউট্রাসিউটিক্যাল এবং উক্তরূপ অন্যান্য খাদ্য উৎপাদন, প্রক্রিয়াকরণ, মজুদ, আমদানি ও বিপণন। |
| ২। | আইন অথবা আইনের অধীন কোনো বিধিমালা বা প্রবিধানমালার অধীন বংশগত বৈশিষ্ট্য পরিবর্তনকৃত বা সংশোধিত খাদ্য, জৈব-খাদ্য, কিরণ-সম্পাতকৃত খাদ্য (irradiated food), স্বত্বাধিকারী খাদ্য, অভিনব খাদ্য, ব্যবহারিক খাদ্য এবং উক্তরূপ অন্যান্য খাদ্য উৎপাদন, প্রক্রিয়াকরণ, মজুদ, আমদানি ও বিপণন। |
| ৩। | আইন অথবা আইনের অধীন কোনো বিধিমালা বা প্রবিধানমালার অধীন পুষ্টি সমৃদ্ধ (Fortified) খাদ্য এবং উক্তরূপ অন্যান্য খাদ্য উৎপাদন, প্রক্রিয়াকরণ, মজুদ, আমদানি ও বিপণন। তবে বিদ্যমান অন্য আইন বা তাহার অধীন বিধিমালা বা প্রবিধানমালার অধীন পুষ্টি সমৃদ্ধ (Fortified) খাদ্য হিসেবে লাইসেন্স, রেজিস্ট্রেশন বা অনুমতি প্রাপ্ত হইলে এ প্রবিধানমালার আওতায় খাদ্য ব্যবসা পরিচালনার লাইসেন্স, খাদ্য উৎপাদন বা আমদানি লাইসেন্স এবং খাদ্যপণ্য রেজিস্ট্রেশন এর বাধ্যবাধকতা হইতে অব্যাহতি প্রাপ্ত হইবে। |
| ৪। | নিরাপদ খাদ্য (বিজ্ঞাপন ও দাবি) প্রবিধানমালা, ২০২৫ অনুযায়ী কোনো স্বাস্থ্য সহায়ক দাবি বা রোগের ঝুঁকি হ্রাস সংক্রান্ত দাবি এবং এইরূপ খাদ্য উৎপাদন, প্রক্রিয়াকরণ, মজুদ, আমদানি ও বিপণন। তবে বিদ্যমান অন্য আইন বা তাহার অধীন বিধিমালা বা প্রবিধানমালার অধীন এইরূপ খাদ্য উৎপাদন, প্রক্রিয়াকরণ, মজুদ, আমদানি ও বিপণনের লাইসেন্স, রেজিস্ট্রেশন বা অনুমতি প্রাপ্ত হইলে এ প্রবিধানমালার আওতায় খাদ্য ব্যবসা পরিচালনার লাইসেন্স, খাদ্য উৎপাদন বা আমদানি লাইসেন্স এবং খাদ্যপণ্য রেজিস্ট্রেশন এর বাধ্যবাধকতা হইতে অব্যাহতি প্রাপ্ত হইবে। |

## তফসিল ৪
**[প্রবিধান ৭ ও ৮ দ্রষ্টব্য]**

## বাধ্যতামূলক খাদ্যপণ্য উৎপাদন বা আমদানি লাইসেন্স এবং খাদ্যপণ্য রেজিস্ট্রেশন এর আওতাভুক্ত খাদ্য ব্যবসাসমূহ

| ক্রমিক | বিবরণ |
|---|---|
| ১। | আইন অথবা আইনের অধীন কোনো বিধিমালা বা প্রবিধানমালার অধীন স্বাস্থ্য সহায়ক খাদ্য বা সম্পূরক খাদ্য, বিশেষ পথ্য হিসাবে ব্যবহৃত খাদ্য, চিকিৎসাজনিত কারণে বিশেষ পথ্য হিসাবে ব্যবহৃত খাদ্য, প্রিবায়োটিক ও প্রোবায়োটিক খাদ্য, নিউট্রাসিউটিক্যাল এবং উক্তরূপ অন্যান্য খাদ্য উৎপাদন, প্রক্রিয়াকরণ, মজুদ, আমদানি ও বিপণন। |
| ২। | আইন অথবা আইনের অধীন কোনো বিধিমালা বা প্রবিধানমালার অধীন বংশগত বৈশিষ্ট্য পরিবর্তনকৃত বা সংশোধিত খাদ্য, জৈব-খাদ্য, কিরণ-সম্পাতকৃত খাদ্য (irradiated food), স্বত্বাধিকারী খাদ্য, অভিনব খাদ্য, ব্যবহারিক খাদ্য এবং উক্তরূপ অন্যান্য খাদ্য উৎপাদন, প্রক্রিয়াকরণ, মজুদ, আমদানি ও বিপণন। |
| ৩। | আইন অথবা আইনের অধীন কোনো বিধিমালা বা প্রবিধানমালার অধীন পুষ্টি সমৃদ্ধ (Fortified) খাদ্য এবং উক্তরূপ অন্যান্য খাদ্য উৎপাদন, প্রক্রিয়াকরণ, মজুদ, আমদানি ও নিবন্ধন। তবে বিদ্যমান অন্য আইন বা তাহার অধীন বিধিমালা বা প্রবিধানমালার অধীন পুষ্টি সমৃদ্ধ (Fortified) খাদ্য হিসেবে লাইসেন্স, রেজিস্ট্রেশন বা অনুমতি প্রাপ্ত হইলে এ প্রবিধানমালার আওতায় খাদ্য ব্যবসা পরিচালনার লাইসেন্স, খাদ্য উৎপাদন বা আমদানি লাইসেন্স এবং খাদ্যপণ্য রেজিস্ট্রেশন এর বাধ্যবাধকতা হইতে অব্যাহতি প্রাপ্ত হইবে। |
| ৪। | নিরাপদ খাদ্য (বিজ্ঞাপন ও দাবি) প্রবিধানমালা, ২০২৫ অনুযায়ী কোনো স্বাস্থ্য সহায়ক দাবি বা রোগের ঝুঁকি হ্রাস সংক্রান্ত দাবি এবং এইরূপ খাদ্য উৎপাদন, প্রক্রিয়াকরণ, মজুদ, আমদানি ও বিপণন। তবে বিদ্যমান অন্য আইন বা তাহার অধীন বিধিমালা বা প্রবিধানমালার অধীন এইরূপ খাদ্য উৎপাদন, প্রক্রিয়াকরণ, মজুদ, আমদানি ও বিপণনের লাইসেন্স, রেজিস্ট্রেশন বা অনুমতি প্রাপ্ত হইলে এ প্রবিধানমালার আওতায় খাদ্য ব্যবসা পরিচালনার লাইসেন্স, খাদ্য উৎপাদন বা আমদানি লাইসেন্স এবং খাদ্যপণ্য রেজিস্ট্রেশন এর বাধ্যবাধকতা হইতে অব্যাহতি প্রাপ্ত হইবে। |

## তফসিল ৫
**[প্রবিধান ৪ দ্রষ্টব্য]**

### (ক) খাদ্য ব্যবসা পরিচালনার রেজিস্ট্রেশন এর পদ্ধতি ও শর্তসমূহ

| ক্রমিক | বিবরণ | ফরম | শর্ত | ফি |
|---|---|---|---|---|
| ১। | রেজিস্ট্রেশন আবেদন | ফরম ৫.১ | ১. সংশ্লিষ্ট প্রবিধান, বিধি ও আইনে বর্ণিত শর্তসমূহ; এবং<br>২. খাদ্য ব্যবসা পরিচালনার রেজিস্ট্রেশন ও লাইসেন্স সংক্রান্ত নির্দেশনায় বর্ণিত শর্তসমূহ। | তফসিল ১০ অনুযায়ী |
| ২। | রেজিস্ট্রেশন নবায়ন বা পুনর্বহালের আবেদন | ফরম ৫.২ | | তফসিল ১০ অনুযায়ী |
| ৩। | ডুপ্লিকেট রেজিস্ট্রেশন আবেদন | ফরম ৫.৩ | | তফসিল ১০ অনুযায়ী |
| ৪। | রেজিস্ট্রেশন সংশোধন বা মালিকানা হস্তান্তরের আবেদন | ফরম ৫.৪ | | তফসিল ১০ অনুযায়ী |
| ৫। | রেজিস্ট্রেশন সনদ | ফরম ৫.৫ | | প্রযোজ্য নয় |

### (খ) খাদ্য ব্যবসা পরিচালনার রেজিস্ট্রেশন সংক্রান্ত আবেদন নিষ্পত্তির সময়সীমা:

সংশ্লিষ্ট প্রবিধানমালায় ভিন্নরূপ কোনো কিছু উল্লেখ না থাকিলে খাদ্য ব্যবসা পরিচালনার জন্য রেজিস্ট্রেশন সংক্রান্ত আবেদন কর্তৃপক্ষ নিম্নবর্ণিত সময়সীমার মধ্যে নিষ্পত্তি করিবে, যথা:—

১। পরিদর্শনের প্রয়োজন না হইলে ৩০ (ত্রিশ) কার্যদিবস;

২। পরিদর্শনের প্রয়োজন হইলে ৪৫ (পয়তাল্লিশ) কার্যদিবস; এবং

৩। অন্য কর্তৃপক্ষ, সংস্থা বা দপ্তর হইতে দলিলাদি প্রমাণের প্রয়োজন হইলে ৬০ (ষাট) কার্যদিবস।

আবেদনকারীর ছবি

**ফরম ৫.১**
**[প্রবিধান ৪ দ্রষ্টব্য]**

স্বত্বাধিকারীর ছবি

**খাদ্য ব্যবসা পরিচালনার রেজিস্ট্রেশনের জন্য আবেদন**

**১. খাদ্য ব্যবসা পরিচালনার প্রতিষ্ঠানের বিবরণ:**

(ক) খাদ্য ব্যবসা পরিচালনার প্রতিষ্ঠানের নাম:

(খ) খাদ্য ব্যবসা পরিচালনার পূর্ণাঙ্গ ঠিকানা:

(বাড়ি বা ভবন, রাস্তা বা সড়ক, গ্রাম বা মহল্লা, উপজেলা, জেলা)

(গ) খাদ্য ব্যবসা পরিচালনার ঠিকানার মালিকানা: নিজস্ব বা ভাড়া

**২. খাদ্য ব্যবসা পরিচালনার ধরন বা বিবরণ:**

**৩. আবেদনকারী বা খাদ্য ব্যবসা পরিচালনাকারীর নাম:**

(ক) পিতার নাম: (খ) মাতার নাম:

**৪. আবেদনকারী বা খাদ্য ব্যবসা পরিচালনাকারীর ঠিকানা:**

(ক) বর্তমান ঠিকানা: (বাড়ি/ভবন, রাস্তা/সড়ক, গ্রাম/মহল্লা, উপজেলা, জেলা)

(খ) স্থায়ী ঠিকানা: (বাড়ি/ভবন, রাস্তা/সড়ক, গ্রাম/মহল্লা, উপজেলা, জেলা)

(গ) টেলিফোন নং: মোবাইল নং:

(ঘ) ই-মেইল:

(ঙ) আবেদনকারীর পদবি (ব্যবস্থাপক/স্বত্বাধিকারী/অংশীদার, ইত্যাদি):

(চ) জাতীয় পরিচয়পত্রের নম্বর (কপি সংযুক্ত করুন):

**৫. মালিকানার ধরন (টিক চিহ্ন দিন):** একক মালিকানা/অংশীদারি/লিমিটেড কোম্পানি/অন্যান্য

**৬. ব্যবসা প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী:**

(ক) নাম: (খ) পিতার নাম:

(গ) মাতার নাম:

(ঘ) ঠিকানা:

(ঙ) জাতীয় পরিচয়পত্রের নম্বর (কপি সংযুক্ত করুন):

**৭. কোম্পানির ক্ষেত্রে:**

(ক) কোম্পানির নাম ও রেজিস্ট্রার, জয়েন্ট স্টক কোম্পানি এর নিবন্ধন নম্বর ও নিবন্ধিত ঠিকানা (প্রযোজ্য ক্ষেত্রে):

(খ) কোম্পানির মালিক/স্বত্বাধিকারী/চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী/ ব্যবস্থাপক (যে ক্ষেত্রে যাহা প্রযোজ্য) এর নাম ও ঠিকানা:

(গ) সকল অংশীদারদের নাম, ঠিকানাসহ বিস্তারিত বিবরণ (পৃথক কাগজ সংযুক্ত করুন):

(ঘ) আবেদনকারীকে আবেদন করার ক্ষমতাপত্র প্রদান করা হয়েছে কি না (কপি সংযুক্ত করুন):

**৮. খাদ্য ব্যবসা পরিচালনার সম্পর্কিত ইতোমধ্যে প্রাপ্ত লাইসেন্স, রেজিস্ট্রেশন, সনদ ইত্যাদি এর বিবরণ:**

| ক্রমিক নং | বিবরণ | নম্বর | প্রদানকারী কর্তৃপক্ষ | মেয়াদ উত্তীর্ণের তারিখ |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |

**৯. খাদ্য-স্থাপনা (যদি থাকে) এর বিবরণ:**

**ঘোষণা**

আমি/আমরা নিরাপদ খাদ্য (রেজিস্ট্রেশন ও লাইসেন্স) প্রবিধানমালা, ২০২৬ এর বিধান অনুসারে আবেদন দাখিল করিলাম। আবেদনে বর্ণিত সকল তথ্য আমার/আমাদের জানা ও বিশ্বাসমতে সত্য। কোনো ভুল বা অসত্য তথ্যের জন্য আমি/আমরা দায়ী থাকিবো।

**তারিখ** **আবেদনকারী/আবেদনকারীগণের নাম** **আবেদনকারী/আবেদনকারীগণের স্বাক্ষর**

আবেদনকারীর ছবি

**ফরম ৫.২**
**[প্রবিধান ৪ দ্রষ্টব্য]**

স্বত্বাধিকারীর ছবি

**খাদ্য ব্যবসা রেজিস্ট্রেশন নবায়ন/পুনর্বহালের আবেদন**

**১. খাদ্য ব্যবসা পরিচালনার বিবরণ:**

(ক) খাদ্য ব্যবসা পরিচালনার প্রতিষ্ঠানের নাম:

(খ) নিবন্ধিত অফিসের ঠিকানা:

(গ) রেজিস্ট্রেশন নং:

(ঘ) রেজিস্ট্রেশনের মেয়াদ উত্তীর্ণের তারিখ:

**২. ব্যবসা প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী:**

(ক) নাম: (খ) পিতার নাম: (গ) মাতার নাম:

(ঘ) ঠিকানা:

(ঙ) জাতীয় পরিচয়পত্রের নম্বর (কপি সংযুক্ত করুন):

**৩. আবেদনকারী/খাদ্য ব্যবসা পরিচালকারীর নাম:**

(ক) বর্তমান ঠিকানা: (বাড়ি/ভবন, রাস্তা/সড়ক, গ্রাম/মহল্লা, উপজেলা, জেলা)

(খ) স্থায়ী ঠিকানা: (বাড়ি/ভবন, রাস্তা/সড়ক, গ্রাম/মহল্লা, উপজেলা, জেলা)

(গ) টেলিফোন নং: মোবাইল নং:

(ঘ) ই-মেইল:

(ঙ) আবেদনকারীর পদবি (ব্যবস্থাপক/স্বত্বাধিকারী/অংশীদার, ইত্যাদি):

(চ) জাতীয় পরিচয়পত্রের নম্বর (কপি সংযুক্ত করুন):

(ছ) কোম্পানির ক্ষেত্রে আবেদনকারীকে আবেদন করার ক্ষমতাপত্র প্রদান করা হয়েছে কি না (কপি সংযুক্ত করুন):

**৪. পুনর্বহালের আবেদন হইলে বাতিল হওয়ার বিবরণ (প্রয়োজনে পৃথক পাতা সংযুক্ত করুন):**

**৫. আবেদন ফি এর বিবরণ (কপি সংযুক্ত করুন):**

(ক) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/অনলাইনে পরিশোধিত অর্থ:

(খ) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/অনলাইনে পরিশোধের নম্বর:

(গ) গ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠানের বিবরণ:

**ঘোষণা**

আমি/আমরা নিরাপদ খাদ্য (রেজিস্ট্রেশন ও লাইসেন্স) প্রবিধানমালা, ২০২৬ এর বিধান অনুসারে আবেদন দাখিল করিলাম। আবেদনে বর্ণিত সকল তথ্য আমার/আমাদের জানা ও বিশ্বাসমতে সত্য। কোন ভুল বা অসত্য তথ্যের জন্য আমি/আমরা দায়ী থাকিবো।

| | | |
|---|---|---|
| **তারিখ** | **আবেদনকারী/আবেদনকারীগণের নাম** | **আবেদনকারী/আবেদনকারীগণের স্বাক্ষর** |

**ফরম ৫.৩**
**[প্রবিধান ৪, ৫, ৬, ৭, ৮ ও ১১ দ্রষ্টব্য]**

**ডুপ্লিকেট (প্রতিলিপি) রেজিস্ট্রেশন/লাইসেন্স এর আবেদন**

**বরাবর,**
চেয়ারম্যান
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
.........................

**বিষয়: ডুপ্লিকেট রেজিস্ট্রেশন/লাইসেন্স এর জন্য আবেদন।**

আমার/আমাদের অনুকূলে ইস্যুকৃত রেজিস্ট্রেশন/লাইসেন্স সনদটি . . . . . . . . . (কারণ উল্লেখ করুন) হওয়ার কারণে উহার একটি ডুপ্লিকেট (প্রতিলিপি) ইস্যু করিবার জন্য এতৎসংক্রান্ত তথ্যাদি সদয় বিবেচনার জন্য পেশ করা হইল, যথা:

**১. খাদ্য ব্যবসার বিবরণ:**

(ক) খাদ্য ব্যবসা প্রতিষ্ঠানের নাম:

(খ) খাদ্য ব্যবসা রেজিস্ট্রেশন নম্বর:

(গ) নিবন্ধিত অফিসের ঠিকানা:

(ঘ) অনুমোদিত খাদ্য-স্থাপনার (যদি থাকে) ঠিকানা:

**২. আবেদনকারী/খাদ্য ব্যবসায়ীর নাম:**

(ক) বর্তমান ঠিকানা: (বাড়ি/ভবন, রাস্তা/সড়ক, গ্রাম/মহল্লা, উপজেলা, জেলা)

(খ) স্থায়ী ঠিকানা: (বাড়ি/ভবন, রাস্তা/সড়ক, গ্রাম/মহল্লা, উপজেলা, জেলা)

(গ) টেলিফোন নং: মোবাইল নং:

(ঘ) ই-মেইল:

(ঙ) আবেদনকারীর পদবি (ব্যবস্থাপক/স্বত্বাধিকারী/অংশীদার, ইত্যাদি):

(চ) জাতীয় পরিচয়পত্রের নম্বর (কপি সংযুক্ত করুন):

(ছ) কোম্পানির ক্ষেত্রে আবেদনকারীকে আবেদন করার ক্ষমতাপত্র প্রদান করা হয়েছে কি না (কপি সংযুক্ত করুন):

**৩. যে রেজিস্ট্রেশন/লাইসেন্স-এর ডুপ্লিকেট এর জন্য আবেদন করা হইতেছে তাহার বিবরণ (প্রতিটি ডুপ্লিকেট রেজিস্ট্রেশন/লাইসেন্সের জন্য পৃথক আবেদন করিতে হইবে):**

(ক) রেজিস্ট্রেশন/লাইসেন্স এর ধরন:

(খ) রেজিস্ট্রেশন/লাইসেন্স এর নম্বর:

(গ) রেজিস্ট্রেশন/লাইসেন্স এর মেয়াদ উত্তীর্ণের তারিখ:

**৪. থানায় জিডি এন্ট্রির বিবরণ (কপি সংযুক্ত করুন):**

(ক) জিডি নং:

(খ) জিডি এন্ট্রির তারিখ:

(গ) জিডি এন্ট্রিকৃত থানার নাম:

**৫. আবেদন ফি এর বিবরণ (কপি সংযুক্ত করুন):**

(ক) ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার/অনলাইনে পরিশোধিত অর্থ:

(খ) ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার/অনলাইনে পরিশোধের নম্বর:

(গ) গ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠানের বিবরণ:

**ঘোষণা**

আমি/আমরা নিরাপদ খাদ্য (রেজিস্ট্রেশন ও লাইসেন্স) প্রবিধানমালা, ২০২৬ এর বিধান অনুসারে আবেদন দাখিল করিলাম। আবেদনে বর্ণিত সকল তথ্য আমার/আমাদের জানা ও বিশ্বাসমতে সত্য। কোন ভুল বা অসত্য তথ্যের জন্য আমি/আমরা দায়ী থাকিবো।

**তারিখ** **আবেদনকারী/আবেদনকারীগণের নাম** **আবেদনকারী/আবেদনকারীগণের স্বাক্ষর**

**ফরম ৫.৪**

আবেদনকারীর ছবি **[প্রবিধান ৪, ৫, ৬, ৭ ও ৮ দ্রষ্টব্য]** স্বত্বাধিকারীর ছবি

**রেজিস্ট্রেশন/লাইসেন্স সংশোধন, পরিবর্তন, সংযোজন/মালিকানা হস্তান্তরের আবেদন**

**১. খাদ্য ব্যবসার বিবরণ:**

(ক) খাদ্য ব্যবসা প্রতিষ্ঠানের নাম:

(খ) খাদ্য ব্যবসা রেজিস্ট্রেশন নম্বর:

(গ) নিবন্ধিত অফিসের ঠিকানা:

(ঘ) অনুমোদিত খাদ্য-স্থাপনার ঠিকানা:

**২. আবেদনকারী/খাদ্য ব্যবসায়ীর নাম:**

(ক) বর্তমান ঠিকানা: (বাড়ি/ভবন, রাস্তা/সড়ক, গ্রাম/মহল্লা, উপজেলা, জেলা)

(খ) স্থায়ী ঠিকানা: (বাড়ি/ভবন, রাস্তা/সড়ক, গ্রাম/মহল্লা, উপজেলা, জেলা)

(গ) টেলিফোন নং: মোবাইল নং:

(ঘ) ই-মেইল:

(ঙ) আবেদনকারীর পদবি (ব্যবস্থাপক/স্বত্বাধিকারী/অংশীদার, ইত্যাদি):

(চ) জাতীয় পরিচয়পত্রের নম্বর (কপি সংযুক্ত করুন):

**৫. মালিকানার ধরন (টিক চিহ্ন দিন): একক মালিকানা/অংশীদারি/লিমিটেড কোম্পানি/অন্যান্য:**
**৬. ব্যবসা প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী:**

**(ক) নাম:** **(খ) পিতার নাম:**

**(গ) মাতার নাম:**

**(ঘ) ঠিকানা:**

**(ঙ) জাতীয় পরিচয়পত্রের নম্বর (কপি সংযুক্ত করুন):**

**৭. কোম্পানির ক্ষেত্রে:**

(ক) কোম্পানির নাম ও রেজিস্টার, জয়েন্ট স্টক কোম্পানি এর নিবন্ধন নম্বর ও নিবন্ধিত ঠিকানা (প্রযোজ্য ক্ষেত্রে) (কপি সংযুক্ত করুন):

(খ) কোম্পানির মালিক/স্বত্বাধিকারী/ চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী/ব্যবস্থাপক (যে ক্ষেত্রে যাহা প্রযোজ্য) এর নাম ও ঠিকানা:

(গ) সকল অংশীদারের বিস্তারিত বিবরণ (পৃথক কাগজ সংযুক্ত করুন):

(ঘ) আবেদনকারীকে আবেদন করার ক্ষমতাপত্র প্রদান করা হয়েছে কি না (কপি সংযুক্ত করুন):

৮. যে রেজিস্ট্রেশন/লাইসেন্স সংশোধনের জন্য আবেদন করা হইতেছে তাহার বিবরণ:

(ক) রেজিস্ট্রেশন/লাইসেন্স এর ধরন:

(খ) রেজিস্ট্রেশন/লাইসেন্স এর নম্বর:

(গ) রেজিস্ট্রেশন/লাইসেন্স এর মেয়াদ উত্তীর্ণের তারিখ:

(ঘ) সংশোধন, পরিবর্তন, সংযোজন/মালিকানা হস্তান্তরের বিবরণ:

| ক্রমিক নং | বিদ্যমান তথ্য | সংশোধিত/সংযোজিত তথ্য |
|---|---|---|
| | | |
| | | |

**৯. আবেদন ফি এর বিবরণ (কপি সংযুক্ত করুন):**

(ক) ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার/অনলাইনে পরিশোধিত অর্থ:

(খ) ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার/অনলাইনে পরিশোধের নম্বর:

(গ) গ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠানের বিবরণ:

**ঘোষণা**

আমি/আমরা নিরাপদ খাদ্য (রেজিস্ট্রেশন ও লাইসেন্স) প্রবিধানমালা, ২০২৬ এর বিধান অনুসারে আবেদন দাখিল করিলাম। আবেদনে বর্ণিত সকল তথ্য আমার/আমাদের জানা ও বিশ্বাসমতে সত্য। কোনো ভুল বা অসত্য তথ্যের জন্য আমি/আমরা দায়ী থাকিবো।

